| Question Booklet No. | Question Booklet Series : **A** |
|---|---|

# AUAT — 2024
## 2-Year M.A. in Bengali (P02)
### ( TEST BASED ON MCQ AND WRITING SKILL )

| **Full Marks : 100** | **Duration : 2 Hours** |
|---|---|

Roll No. of the Candidate : ____________________

Date of Examination : ____________________

Name of Examination Centre : ____________________

Signature of the Candidate : ____________________

Signature of the Invigilator on Verification

## IMPORTANT INSTRUCTIONS

***Candidates should read the below instructions carefully and follow them accordingly.***

1. The Question Booklet has paper seal pasted on it. Please do **NOT** open the Question Booklet until you are asked to do so by the Invigilator.
2. The candidates must check immediately after breaking the seal that the Question Booklet contains **90 Questions**.
3. Questions in Section—A (Part-I and Part-II) are of multiple choice type. Answer of questions in Section—A will have to be given on the **OMR Answer Sheet** provided for this purpose. Fill up the necessary fields that are intended for you by writing and/or shading appropriately. Otherwise the **OMR Answer Sheet *cannot*** be evaluated and will be liable to get rejected. Question numbers progress from **1** to **86** continuously with alternative answers being shown as [A], [B], [C] and [D] for each question. Record your response by completely darkening the corresponding bubble. While responding, you should consider the best alternative answer and shade only one bubble with **black/blue ball point pen only**. For each correct response you will be awarded **1** mark. There will be negative marking for wrong responses. For each wrong response, **–0·25** mark will be awarded. Multiple responses against one **MCQ** will be treated as a wrong response. The **OMR Answer Sheet** provided to you contains options to answer for 100 questions. Serial number 87-100 will not be considered in your case.
4. Write the answer of descriptive question in Section—B within the space provided in the **OMR Answer Sheet** for Descriptive Questions. Fill up the necessary fields on the top page that are intended for you. Otherwise it cannot be evaluated and will be liable to get rejected.
5. On leaving the examination hall, candidates must submit both the **OMR Answer Sheets**. They are allowed to keep the Question Booklet with them.
6. **OMR Answer Sheets** will be processed by electronic means. Any untoward/irrelevant remarks, folding or putting stray notes on the answer sheet, any damage to the answer sheet will lead to the rejection of the same and the sole liability shall remain with the candidate.
7. Rough Work may be done at the end of the Question Booklet.
8. No candidate will be allowed to leave the examination hall before completion of the examination.
9. Use of any Electronic device like Mobile, Programmable Calculator etc. is strictly prohibited.

**DO NOT OPEN THE SEAL UNTIL INSTRUCTED TO DO SO**

# SECTION—A : Multiple Choice Questions

## PART—I

## ( Core Subject )

**1.** রবীন্দ্রনাথ তাঁর রচনাদি বিভিন্ন ব্যক্তির নামে উৎসর্গ করেছেন। প্রথম ও দ্বিতীয় তালিকায় প্রদত্ত রবীন্দ্রনাথের উৎসর্গীকৃত গ্রন্থ ও প্রাপকের নামের সামঞ্জস্য বিধান করে সংকেত অনুসারে সঠিক উত্তরটি নির্বাচন করো।

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| *(a)* 'কথা ও কাহিনী' | *(i)* রথীন্দ্রনাথ ঠাকুর |
| *(b)* 'বসন্ত' | *(ii)* জগদীশচন্দ্র বসু |
| *(c)* 'বিশ্বপরিচয়' | *(iii)* কাজী নজরুল ইসলাম |
| *(d)* 'গোরা' | *(iv)* সত্যেন্দ্রনাথ বসু |

[A] *(a)–(i), (b)–(iii), (c)–(iv), (d)–(ii)*

[B] *(a)–(iii), (b)–(i), (c)–(ii), (d)–(iv)*

[C] *(a)–(ii), (b)–(iii), (c)–(iv), (d)–(i)*

[D] *(a)–(iv), (b)–(i), (c)–(ii), (d)–(iii)*

**2.** ''যে সবে বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী
সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি'' — কবিতাংশটি যে কাব্যের অন্তর্গত তার নাম

[A] আলাওলের 'তোহফা'

[B] আব্দুল হাকিমের 'নূরনামা'

[C] বাহরাম খানের 'লায়লী মজনু'

[D] সৈয়দ সুলতানের 'নবীবংশ'

**3.** প্রাচীন বাংলার সময়কাল

[A] ১৫০০ খ্রীঃ পূঃ থেকে ৬০০ খ্রীঃ পূঃ

[B] ১২০০ খ্রীঃ থেকে ১৮০০ খ্রীঃ

[C] ১০০০ খ্রীঃ পূঃ থেকে ৪০০ খ্রীঃ পূঃ

[D] ৯০০ খ্রীঃ থেকে ১২০০ খ্রীঃ

**4.** কোনটি দন্ত্য ধ্বনি **নয়**?

[A] ত

[B] দ

[C] ধ

[D] ন

**5.** 'বাঙলা সাহিত্যের রূপরেখা' বইটির রচয়িতা হলেন

[A] অসিতকুমার বন্দ্যোপাধ্যায়

[B] সুকুমার সেন

[C] গোপাল হালদার

[D] ভূদেব চৌধুরী

**6.** রবীন্দ্রনাথের 'সহজ পাঠ'-এর ছবিগুলি এঁকেছিলেন

[A] অবনীন্দ্রনাথ ঠাকুর

[B] বিনোদবিহারী মুখোপাধ্যায়

[C] রবীন্দ্রনাথ স্বয়ং

[D] নন্দলাল বসু

**7.** কল্লোল গোষ্ঠীর লেখক হলেন

[A] সতীনাথ ভাদুড়ী

[B] বুদ্ধদেব বসু

[C] সৈয়দ মুস্তাফা সিরাজ

[D] এঁদের কেউই নন

**8.** হরিচরণ বন্দ্যোপাধ্যায় রচিত অভিধানের নাম

[A] ‘বাঙ্গালা ভাষার অভিধান’

[B] ‘চলন্তিকা’

[C] ‘বঙ্গীয় শব্দকোষ’

[D] ‘সরল বাঙ্গালা অভিধান’

**9.** মালাধর বসুকে গুণরাজ খান উপাধি দিয়েছিলেন

[A] রুকনউদ্দিন বারবাক শাহ

[B] শামসুদ্দিন ইলিয়াস শাহ

[C] হোসেন শাহ

[D] পরাগল খান

**10.** নীলরতন সেন সম্পাদিত চর্যাগীতি সংকলনটির নাম হল

[A] ‘চর্যাপদ’

[B] ‘চর্যাপদাবলী’

[C] ‘চর্যাগীতিকোষ’

[D] ‘চর্যাগীতি পদাবলী’

**11.** ‘উর্দু’ শব্দটি হল

[A] আরবি শব্দ

[B] ফারসি শব্দ

[C] তুর্কি শব্দ

[D] উর্দু শব্দ

**12.** ইংরেজি সাহিত্যে প্রথম রচনা হল

[A] ‘আইভানহো’

[B] ‘দ্য ক্যান্টারবেরি টেলস’

[C] ‘বেউলফ’

[D] ‘পামেলা’

**13.** নিচের কোনটি মহাকবি কালিদাসের রচনা **নয়**?

[A] ‘রঘুবংশম্’

[B] ‘কুমারসম্ভব’

[C] ‘মৃচ্ছকটিকম্’

[D] ‘অভিজ্ঞানাশাকুন্তলম্’

**14.** ‘চা-কর দর্পণ’ নাটকটি লিখেছেন

[A] দক্ষিণারঞ্জন মিত্র

[B] দক্ষিণারঞ্জন মজুমদার

[C] দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার

[D] দক্ষিণারঞ্জন চট্টোপাধ্যায়

**15.** ‘হিন্দী সাহিত্যের ইতিহাস’ বইটির লেখক হলেন

[A] মুন্সী প্রেমচাঁদ

[B] জীবেন্দ্র সিংহ রায়

[C] রামবহাল তেওয়ারী

[D] সূর্যকান্ত ত্রিপাঠী

**16.** ‘ইউসুফ - জলেখা’-র রচয়িতা হলেন

[A] সৈয়দ মর্তুজা

[B] সারিবিদ খান

[C] শেখ চান্দ

[D] শাহ মুহম্মদ সগীর

**17.** ‘দয়াময়ীর কথা’ বইটি লিখেছেন

[A] যমুনা বন্দ্যোপাধ্যায়

[B] মণিকুন্তলা সেন

[C] সুনন্দা সিকদার

[D] অশোকা গুপ্ত

**18.** ‘কাব্যালোক’ গ্রন্থটির রচয়িতা

[A] অতুল গুপ্ত

[B] সুশীল কুমার দে

[C] সুধীরকুমার দাশগুপ্ত

[D] বিষ্ণুপদ ভট্টাচার্য

**19.** এঁদের মধ্যে কে ‘চণ্ডীমঙ্গল’ কাব্য রচনা করেছেন?

[A] বিপ্রদাস

[B] দ্বিজ বংশীদাস

[C] দ্বিজ মাধব

[D] রামেশ্বর ভট্টাচার্য

**20.** ‘দোজখনামা’ উপন্যাসের লেখক হলেন

[A] সৈয়দ মুস্তাফা সিরাজ

[B] শৈবাল মিত্র

[C] রবিশংকর বল

[D] জয় গোস্বামী

**21.** বাংলা ভাষায় ব্যবহৃত ‘ধোঁয়াশা’ শব্দটি হল

[A] লোকনিরুক্তিমূলক শব্দ

[B] জোড়কলম শব্দ

[C] অনুগামী শব্দ

[D] সংকর শব্দ

**22.** প্রশান্তকুমার পালের লেখা রবীন্দ্রনাথের জীবনীগ্রন্থটির নাম হল

[A] ‘রবি জীবনী’

[B] ‘রবীন্দ্র জীবনী’

[C] ‘রবীন্দ্র জীবনকথা’

[D] ‘রবি জীবন’

**23.** রবীন্দ্র পুরস্কারপ্রাপ্ত সতীনাথ ভাদুড়ীর উপন্যাসটি হল

[A] ‘জাগরী’

[B] ‘ঢোঁড়াই চরিত মানস’

[C] ‘অচিন রাগিণী’

[D] ‘চিত্রগুপ্তের ফাইল’

**24.** পদাবলীর 'দুহুঁ কোরে দুহুঁ কান্দে বিচ্ছেদ ভাবিয়া' পদটির রচয়িতা হলেন

[A] বিদ্যাপতি

[B] চণ্ডীদাস

[C] জ্ঞানদাস

[D] গোবিন্দদাস

**25.** মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রকৃত নাম

[A] প্রবোধকুমার

[B] বলাইচাঁদ

[C] ধ্যানেশনারায়ণ

[D] সতীনাথ

**26.** অপিনিহিতির ফলে ______ মৌলিক পরিবর্তন হয়।

[A] স্বরধ্বনির

[B] ব্যঞ্জনধ্বনির

[C] অক্ষরের

[D] মাত্রার

**27.** 'মহারাষ্ট্র পুরাণ'-এর রচয়িতা হলেন

[A] গঙ্গাপ্রসাদ দত্ত

[B] হরিরাম শর্মা

[C] গঙ্গারাম দত্ত

[D] গঙ্গানারায়ণ শর্মা

**28.** 'বঙ্গভাষা ও সাহিত্য' গ্রন্থের লেখক হলেন

[A] দীনেশচন্দ্র সেন

[B] অক্ষয়কুমার দত্ত

[C] সজনীকান্ত সেন

[D] নীহাররঞ্জন রায়

**29.** 'সোনালী কাবিন' কাব্যগ্রন্থের রচয়িতা হলেন

[A] শামসুর রাহমান

[B] আল মাহমুদ

[C] সৈয়দ শামসুল হক

[D] আবু জাফর

**30.** ''বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে'' — ব্যবহৃত অলংকারটি হল

[A] রূপক

[B] লুপ্তোপমা

[C] উৎপ্রেক্ষা

[D] অতিশয়োক্তি

**31.** 'সরকার' শব্দটির উৎস ভাষা হল

[A] গ্রিক

[B] তুর্কি

[C] আরবি

[D] ফারসি

**32.** বাংলা তদ্ভব শব্দের উদাহরণ হল

[A] লতা

[B] রাত্তির

[C] পেয়ারা

[D] পাথর

**33.** নিচের কোনটি মুজতবা আলীর রচনা **নয়**?

[A] ‘চাচা কাহিনী’

[B] ‘দেশে বিদেশে’

[C] ‘পথে প্রবাসে’

[D] ‘জলে ডাঙ্গায়’

**34.** শুদ্ধ বানানটি হল

[A] গীতাঞ্জলী

[B] গীতাঞ্জলি

[C] গিতাঞ্জলী

[D] গিতাঞ্জলি

**35.** পাণিনি রচিত ব্যাকরণ গ্রন্থের নাম হল

[A] ‘নিরুক্ত’

[B] ‘বাক্যপদীয়’

[C] ‘অমরকোষ’

[D] ‘অষ্টাধ্যায়ী’

**36.** বাংলা ভাষার একটি নাসিক্য ধ্বনি

[A] থ

[B] র

[C] ম

[D] প

**37.** জনপ্রিয় হিমু চরিত্রের স্রষ্টা হলেন

[A] মুহম্মদ জাফর ইকবাল

[B] হুমায়ুন আহমেদ

[C] মুনীর চৌধুরী

[D] জহির রায়হান

**38.** ‘খোয়াবনামা’ উপন্যাসের লেখক হলেন

[A] সৈয়দ ওয়ালীউল্লাহ

[B] নির্মলেন্দু গুণ

[C] আবু ইসহাক

[D] আখতারুজ্জামান ইলিয়াস

**39.** নিচের কোনটি সৈয়দ আলাওলের রচনা **নয়**?

[A] ‘হপ্তপয়কর’

[B] ‘পদ্মাবতী’

[C] ‘তোহফা’

[D] ‘চন্দ্রাবতী’

**40.** বিপ্রকর্ষের উদাহরণ হল

[A] সুপারি > সুপুরি

[B] ধর্ম > ধম্ম

[C] ভক্তি > ভকতি

[D] গর্দভ > গাধা

**41.** ‘প্রবাসী’ পত্রিকায় সম্পাদক হলেন

[A] রবীন্দ্রনাথ ঠাকুর

[B] শ্রীশচন্দ্র মজুমদার

[C] রামানন্দ চট্টোপাধ্যায়

[D] অতুলপ্রসাদ সেন

**42.** ‘ভারত সংস্কৃতি’ গ্রন্থটির রচয়িতা হলেন

[A] রবীন্দ্রনাথ ঠাকুর

[B] রামমোহন রায়

[C] সুনীতিকুমার চট্টোপাধ্যায়

[D] নীহাররঞ্জন রায়

**43.** মুহম্মদ খান কোন্ কাব্যটি রচনা করেন?

[A] ‘মক্তুল হোসেন’

[B] ‘সেক শুভোদয়া’

[C] ‘বিদ্যাসুন্দর’

[D] ‘জঙ্গনামা’

**44.** রবীন্দ্রনাথের কাব্যগ্রন্থটি হল

[A] ‘সানাই’

[B] ‘তাসের দেশ’

[C] ‘মালঞ্চ’

[D] ‘শেষের কবিতা’

**45.** উনিশ শতকের একজন মহিলা কবি হলেন

[A] কৈলাসবাসিনী দেবী

[B] গিরীন্দ্রমোহিনী দাসী

[C] চন্দ্রাবতী

[D] সরলা দেবী

**46.** ‘চাঁদের অমাবস্যা’-র স্রষ্টার প্রথম উপন্যাস হল

[A] ‘চাঁদের অমাবস্যা’

[B] ‘লালসালু’

[C] ‘কাঁদো নদী কাঁদো’

[D] ‘নয়নচারা’

**47.** যে ছন্দকে অমূল্যধন মুখোপাধ্যায় শ্বাসাঘাতপ্রধান বলেছেন, তাকেই চিত্রা নাম দিয়েছেন

[A] প্রবোধচন্দ্র সেন

[B] রবীন্দ্রনাথ ঠাকুর

[C] সত্যেন্দ্রনাথ দত্ত

[D] দ্বিজেন্দ্রলাল রায়

**48.** কিরাত ভাষাবংশের ভাষা হল

[A] ওড়িয়া

[B] কন্নড়

[C] গুজরাতি

[D] গারো

**49.** 'রীতিরাত্মা কাব্যস্য' — মতবাদটির প্রবক্তা হলেন

[A] দণ্ডী

[B] ভামহ

[C] বামন

[D] অভিনব গুপ্ত

**50.** 'কাব্যজিজ্ঞাসা' গ্রন্থটির রচয়িতা হলেন

[A] প্রতুলচন্দ্র গুপ্ত

[B] অক্ষয় চৌধুরী

[C] প্রমথ চৌধুরী

[D] অতুলচন্দ্র গুপ্ত

**51.** ''এইখানে তোর দাদির কবর ডালিম গাছের তলে

তিরিশ বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের জলে'' — ব্যবহৃত ছন্দটি হল

[A] মিশ্রবৃত্ত

[B] কলাবৃত্ত

[C] দলবৃত্ত

[D] প্রত্নকলাবৃত্ত

**52.** 'বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত' গ্রন্থের লেখক হলেন

[A] সুনীতিকুমার চট্টোপাধ্যায়

[B] সুকুমার সেন

[C] মুহম্মদ শহীদুল্লাহ

[D] পরেশচন্দ্র মজুমদার

**53.** নিচের কোনটি 'বিষাদসিন্ধু'-র স্রষ্টার রচনা **নয়**?

[A] 'গো-জীবন'

[B] 'বসন্ত বিলাপ'

[C] 'উদাসীন পথিকের মনের কথা'

[D] 'জমিদার দর্পণ'

**54.** 'মন্দির বাহির কঠিন কপাট' পদটির পদকর্তা হলেন

[A] জ্ঞানদাস

[B] চণ্ডীদাস

[C] বলরামদাস

[D] গোবিন্দদাস

**55.** 'কাল্পনিক সংবদল' নাটকের রচয়িতা হলেন

[A] হরচন্দ্র ঘোষ

[B] অমৃতলাল বসু

[C] গেরাসিম লেবেডেফ

[D] গিরিশ ঘোষ

**56.** বাংলায় উচ্চ সংবৃত স্বরধ্বনি হল

[A] অ

[B] আ

[C] ই

[D] এ

# PART—II

## ( Islamic History and Culture, General English & General Knowledge )

**57.** As-salamu alaykum means

আস-সালামু আলাইকুম-এর অর্থ

[A] How are you?

[B] Peace be upon you

[C] Wish you good luck

[D] Glory be to Allah

**58.** Which of the following is/are ***true***?

নিম্নের কোনটি/কোনগুলি **সঠিক**?

[A] Muhammad (PBUH) is the last Prophet of Islam

[B] Islam existed since the beginning

[C] All Prophets practiced and propagated Islam

[D] All of the above

**59.** The *Holy Qur'an* can be read by

'পবিত্র কুরআন' পড়তে পারেন

[A] only scholars

[B] only rich people

[C] only men

[D] everybody

**60.** The prayer at the evening is called

সন্ধ্যাবেলার নামাযকে বলা হয়

[A] Asr

[B] Maghrib

[C] Tahajjud

[D] None of the above

**61.** The number of most notable companions of Prophet Muhammad (PBUH) is

নবী মুহাম্মদ (সা.)-এর বিশেষভাবে উল্লেখযোগ্য সাহাবীর সংখ্যা হল

[A] 1

[B] 4

[C] 40

[D] 313

**62.** One who receives revelation in the form of message but not book is called a

বার্তা আকারে যিনি ঐশী প্রত্যাদেশ পান, অথচ গ্রন্থাকারে নয়, তিনি হলেন একজন

[A] Prophet but not messenger

[B] messenger but not Prophet

[C] Prophet as well as messenger

[D] neither Prophet nor messenger

**63.** The name of the second last Prophet is

দ্বিতীয় শেষ নবীর নাম হল

[A] David

[B] Moses

[C] Jesus

[D] Ahmad

**64.** Who is called the 'Father of Kitten'?

'ছোট বিড়ালের পিতা' কাকে বলা হয়?

[A] Abu Hurairah

[B] Abu Ubaida

[C] Talha

[D] Zubair

**65.** The first martyr in Islam is

ইসলামের প্রথম শহীদ হলেন

[A] Hasan

[B] Husain

[C] Sumayya

[D] Yasir

**66.** The meal taken for breaking the fast is called

রোযা সমাপ্ত করতে যে খাবার খাওয়া হয় তাকে বলা হয়

[A] Shari

[B] Iftar

[C] Lunch

[D] Dinner

**67.** A Prophet is called _____ in Arabic.

একজন নবীকে আরবীতে _____ বলা হয়।

[A] Nabi

[B] Rasul

[C] Wahi

[D] None of the above

**68.** Which gates are opened during the month of Ramadan?

রমজান মাসে কোন্ দরজাগুলো খোলা হয়?

[A] Gates of Hell

[B] Gates of Heaven

[C] Gates of Light

[D] Gates of Mosque

**69.** What Muslims must perform before offering salah (prayers)?

সালাত (নামায) পড়ার আগে মুসলমানদের কি করতে হয়?

[A] Wearing of skull-cap

[B] Wearing of perfume

[C] Wudu (ablution)

[D] Clipping of nails

**70.** Allah (s.w.t.) has ______.

আল্লাহ (সুবহানাহু ওয়া তায়ালা)-এর ______ আছে।

[A] a son

[B] a partner

[C] no partner

[D] a daughter

**71.** What did the Prophet Muhammad (SAW) mention about the status of a Mother?

নবী মুহাম্মদ (সা.) মায়েদের মর্যাদা সম্পর্কে কী উল্লেখ করেছেন?

[A] Mothers are not important at all

[B] Paradise is beneath the feet of a mother

[C] Mothers are bad women

[D] None of the above

**72.** The Islamic Calendar is based on the _____.

ইসলামিক ক্যালেন্ডার _____-এর উপর ভিত্তি করে।

[A] planets

[B] solar

[C] moon

[D] sun

**73.** When will the Day of Judgement occur?

বিচার দিবস কখন ঘটবে?

[A] Year 7000

[B] Year 2050

[C] Year 2060

[D] Only Allah knows

**74.** What is dry ablution called?

শুকনো ওযুকে কি বলে?

[A] Wudhu

[B] Tayammum

[C] Ghusl

[D] None of the above

**75.** What is one unit of prayer called?

নামাযের একককে কী বলা হয়?

[A] Fard

[B] Rakah

[C] Juz'

[D] Sunnah

**76.** What is the name of the cloth worn by men for Hajj and Umrah?

হজ ও ওমরার জন্য পুরুষদের পরিধান করা কাপড়ের নাম কী?

[A] Haram

[B] Ihram

[C] Qamis

[D] Izaar

**77.** Choose the correct alternative :

[A] Oats is a healthier alternative

[B] Oats is a healthier alternatives

[C] Oats is healthier alternatives

[D] Oats are healthier alternatives

**78.** Fill in the blank with the ***correct*** alternative.

The ____ young neighbour greeted my parents.

[A] amicable

[B] amiable

[C] inimical

[D] enviable

**79.** Identify the antonym of the word 'GARRULOUS'.

[A] Innocuous

[B] Loquacious

[C] Jabbering

[D] Reticent

**80.** Choose the noun form of the word 'GLORIOUS'.

[A] Glory

[B] Glorify

[C] Glorified

[D] Glorifying

**81.** Fill in the blank with the ***correct*** alternative.

The boys failed to achieve a _____ victory in the match.

[A] decided

[B] decisive

[C] deceived

[D] divisive

**82.** Which State is called the 'Rice Bowl of India'?

কোন্ রাজ্যকে 'ভারতের চালের বাটি' বলা হয়?

[A] Kerala

[B] Karnataka

[C] Andhra Pradesh

[D] Tamil Nadu

**83.** When was the Battle of Haldighati fought?

হলদিঘাটির যুদ্ধ কবে হয়েছিল?

[A] 1550

[B] 1576

[C] 1650

[D] 1701

**84.** Which among the following is the first national park in India?

নিচের কোনটি ভারতের প্রথম জাতীয় উদ্যান?

[A] Dachigam National Park

[B] Rohila National Park

[C] Pench National Park

[D] Jim Corbett National Park

**85.** Which of the following is the highest award for literature in West Bengal?

নিচের কোনটি পশ্চিমবঙ্গের সাহিত্যের সর্বোচ্চ পুরস্কার?

[A] Rabindra Puraskar

[B] Nazrul Puraskar

[C] Bankim Puraskar

[D] Ananda Puraskar

**86.** Who was the first Chief Justice of the Calcutta High Court?

কলকাতা হাইকোর্টের প্রথম প্রধান বিচারপতি কে ছিলেন?

[A] Phani Bhushan Chakravartti

[B] William Hunter

[C] Barnes Peacock

[D] Romesh Chandra Mitra

## SECTION—B : Descriptive Questions on Core Subject

**Answer the following in brief within the space provided in the OMR Answer Sheet :**

যে কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও ঃ ৭+৭=১৪

**87.** তথ্য-প্রযুক্তির এই চরম উন্নতির দিনে কেন আলাদা করে সাহিত্য পাঠ করা; কেন আমরা বাংলা সাহিত্যচর্চা করছি? — তোমার অভিমত জানাও।

**88.** বাংলা সাহিত্য ক্ষেত্রে রবীন্দ্রনাথ যে অনন্য অবদান রেখেছেন তার পরিচয় দাও।

**89.** নানা ঘাত প্রতিঘাতের বেড়া ডিঙিয়ে নিরবিচ্ছিন্নভাবে বয়ে চলেছে বাঙালি সংস্কৃতির ধারা। — আলোচনা কর।

**90.** বাংলা ভাষার উৎপত্তি ও তার ক্রমবিবর্তনের ইতিবৃত্ত বিবৃত কর।

**SPACE FOR ROUGH WORK**

**SPACE FOR ROUGH WORK**

**SPACE FOR ROUGH WORK**